# শৃঙ্খলা কমিটির সভার প্রতিবেদন

১৬/০৮/২২ তারিখে উপাধ্যক্ষ অফিস কক্ষে সকাল ১০:০০ ঘটিকায় মূখ্য শৃঙ্খলা কমিটি সভা অনুষ্ঠিত হয় উক্ত সভায় প্রতিষ্ঠানের শৃঙ্খলা সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

১। একাদশ শ্রেণির শিক্ষার্থীদের আগমনের সময় সকাল ৭:৩০ মিনিট। দেরিতে আসা শিক্ষার্থীদের সকাল ৭:৪৫ মিনিট পর্যন্ত প্রবেশ করতে দেয়া হবে। সকাল ৭:৪৫ মিনিটের পর প্রতিষ্ঠানের মেইন গেট বন্ধ থাকবে এবং এরপর কোনো শিক্ষার্থীকে প্রবেশ করতে দেয়া হবে না। উল্লেখ্য যে, দেরিতে আসা শিক্ষার্থীকে **১**ম পিরিয়ডে শ্রেণি কক্ষে দাঁড়িয়ে থাকতে হবে। শ্রেণি শিক্ষক ক্লাসে উপস্থিত না থাকলেও বিষয় শিক্ষক দেরিতে আসা শিক্ষার্থীর বিষয়ে শ্রেণি শিক্ষককে অবহিত করবেন এবং শ্রেণি শিক্ষক হাজিরা খাতায় (এটেনডেন্টস রেজিস্টার) বিলম্বে আসা শিক্ষার্থীদের রেকর্ড খধঃব লিখে সংরক্ষণ করে

**২।** ষষ্ঠ - দশম শ্রেণির শিক্ষার্থীদের আগমনের সময় সকাল **১**০:৪৫ মিনিট। দেরিতে আসা শিক্ষার্থীদের **১১**:**১**৫ মিনিটের পর কোনো শিক্ষার্থীকে প্রবেশ করতে দেয়া হবে না। সকাল **১১**:**১**৫ মিনিটের পর মেইন গেট বন্ধ থাকবে। উল্লেখ্য যে, দেরিতে আসা শিক্ষার্থীকে **১**ম পিরিয়ডে শ্রেণি কক্ষে দাঁড়িয়ে থাকতে হবে। শ্রেণি শিক্ষক ক্লাসে উপস্থিত না থাকলেও বিষয় শিক্ষক দেরিতে আসা শিক্ষার্থীর বিষয়ে শ্রেণি শিক্ষককে অবহিত করবেন।

**৩।** মাসে দুই দিন দেরি হলে এক দিন অনুপস্থিত হিসাবে গণ্য হবে এবং জরিমানা প্রদান করতে হবে। তিন দিন দেরি হলে জরিমানার সাথে নম্বর কর্তন করা হবে।

**৪।** প্রতি শ্রেণি কক্ষে শৃঙ্খলা বিষয়ক রেজিস্টার রাখা হবে। শ্রেণি কক্ষে শৃঙ্খলা পরিপন্থী যে কোন কর্মকান্ড উক্ত রেজিস্টারে এন্ট্রি করা হবে। রেজিস্টারটি ক্লাস ক্যাপ্টেনের তত্ত্বাবধানে থাকবে এবং ছুটির পরে শ্রেণি শিক্ষকের কাছে জমা দিবে।

**৬।** কলেজের শিক্ষার্থীরা প্রতিষ্ঠানের ২ নং গেট দিয়ে প্রবেশ এবং প্রস্থান করবে। ষষ্ঠ - দশম শ্রেণির সকল ছাত্র ০**১** নম্বর গেট এবং সকল ছাত্রী ০২ নম্বর গেট দিয়ে প্রবেশ ও প্রস্থান করবে।

**৭।** ছাদের ক্যান্টিন থেকে সকল ছাত্র এবং ষষ্ঠ তলার ক্যান্টিন থেকে সকল ছাত্রী খাবার সংগ্রহ করবে।